তিতি নাতি তিনা তিনা | ধিনা ধিধি নাধি ধিনা |
ধাধি দিনা ধিনা নাধি | ধিনা ধিধি নানা ধিনা |
নাতি তিনা তিনা নাতি | ধিনা ধিধি নানা ধিনা |
ধিধি নাধি নাধি ধিনা | ধিনা ধিধি নাধি ধিনা |
তিতি নাতি নাতি ধিনা | ধিনা ধিধি নাধি ধিনা |

২। ধা-ত্তেটে ধিন্‌না না-ধিন্‌ ধিননা | তা-ত্তেটে তিন্‌না না-ধিন ধিন্‌না ||
ধা-ত্তেটে ধিন্‌না তেটেধিন্‌- না-ত্তেটে | ধিন্‌না ধিন্‌না নাধিন ধিননা
তা-তেটে তিননা তেটেতিন- না-তেটে | ধিননা ধিননা না-ধিন ধিননা

একতাল

১। ধিন তেটে ধিননা ধিননা | কৎতা ধিনা ধিনা |
তেটে,-থুন নানা ধিনা | ধিনা নাধি ধিনা |
ধিনধিন ধাধা থুননা | ধা, তেটে ধিমনা ধিননা

কৎতা ধিধি না, তেটে | ধিননা নাধি ধিনা |
ধিনা ধিনা ধিনা | ধিন-তেটে ধাধা থুননা |
কৎতা কৎতা ধিধি | ধিনা ধা-তেটে ধিননা |
ধা-তেটে ধিননা তেটেধিন | ধিনা ধা-তেটে ধিননা |
তেটে-ধি না-তেটে ধিনা | কৎতা ধা-তেটে থুননা |

ঝাঁপতাল

১। ধিনা ধিনা | নাধি ধিনা ধিনা | তিনা তিনা | নাধি ধিনা ধিনা |
ধিধি নানা | ধিধি নাধি ধিনা | তিতি নানা | ধিধি ধিধি ধিনা |
ধিনা নাধি | ধিনা ধিনা নাধি | ধিনা ধিধি | নাধি ধিনা ধিনা।
তিনা নাতি | নানা তিনা নাতি | নানা ধিনা | নাধি নানা ধিনা |
ধিনা ধিধি | নাধি নাধি ধিনা | ধিনা ধিধি | নাধি নাধি নানা |
তিনা তিতি | নাতি নাতি তিনা | ধিনা ধিধি | নাধি নাধি নানা |

তেওট বা ঝুমরা

১। ধিন ধা তেটেধিন- ধা-তেটে | ধিনধিন ধা-তেটে তিনতিন তা-তেটে |
তিন তা তেটেতিন তা-তেটে | তিনতিন তা-তেটে ধিনধিন ধা-তেটে |
ধিনধিন ধা-তেটে ধিনধিন | ধিনদা তেটেধিন ধা-তেটে তিনতা |
তিনতিন তা-তেটে তিনতিন | তিনতা তেটেধিন ধা-তেটে ধিনধা—
ধা-তেটে ধিনদা তেটেতেটে | ধিনদা ধিনদা ধা-তেধে তিনতা |
তা-তেটে তিনতা তেটেতেটে | তিনতা ধিনদা দা-তেটে দিনদা |
তেটেতেটে দিনদাতেটেধা- | দিনদিন দা-তেটে দিনদা তিনতিন |
তেটেতেটে তিনতা তেটেতা- | তিনতিন ধা-তেটে ধিনধা ধিনধিন |

ত্রিতাল—দ্বিপদী

ধাগেতেটে ধাগেতেটে ক্রেধাতেটে ক্রেধাতেটে
ক্রেধা-নে ক্রেদা-নে ধাঘেনেদা ঘেনেতাকে

টেত্বাকেটে তেরেকেটেত্বাকতেরে কেটেত্বাকত্বকক্রান -
- - ত্বক্, ক্রান ক্রান্, কেটেতাক তেরেকেটে, ক্রান্

+
কেটেত্বাক তেবেকেটে ধা-কত্বধা কত্ব ধা

ত্রিতাল—ত্রিপদী

ধেনেধে	নেধেনে	ধাঘেনে	ধাঘেনে
ধাঘেনে	ত্বাকেটে	ত্বাকেটে	ত্বাকেটে
ধেনেঘেনে	ধেনেঘেনে	ধেনেঘেনে	—
ত্বকধেনে	ত্বকধেনে	ত্বকধেনে	—
ত্রকত্ব	কত্তক	তেনেতে	নেতেনে
তাকেনে	তাকেনে	তাকেনে —	ধা-তেবেকেটে
ধিনাগ	ধা-তেরেকেটে	ধিনাগ	ধা-তেবেকেটে
			+
ধিনাগ	ধা-ধা	-ধা-	ধা

ঝুমরা—দ্বিপদী

ধেবত্বেট্রে	ধেবত্বেট্রে	কতেট্রে	কতেট্রে
ত্রেকেথুন্-	-ত্রেকে	থুন্	নাগিনা
নাগিনা	তেরেকেটেত্বাক	তেরেকেটেত্বাক তা-তা	
		+	
	ধা-ধা	ধা	

ঝুমরা—ত্রিপদী

ধেনেঘেনে	ধেনেঘেনে	ধেনেঘেনে	• ধাতু
নাধা	তুনা	ধাতু	না
কেটেত্বাক	দিন্	কেটেত্বাক	দিন্
কেটেত্বাক	দিন্	দিন্-দিন্	-দিন্-
না-না	-না-	ঘেন্-তে	ড়ান্
ঘেন্-তে	ড়ান্	ঘেন্-তে	ড়ান্
			+
ধা-ক	তাধা-	কতাধা	-কতা ধা

একতাল—দ্বিপদী

ধাঘেনে ধাঘেনে ত্বাকেটে ত্বাকেটে তেরেকেটেত্বাক তেরেকেটেত্বাক

\+
ত্বক্রান্- ত্বক্রান্- ঘেঘেনা না-তেরেকেটে তা- - -তেরে কেটেতা,- ধা

একতাল—ত্রিপদী

তাকতা কতাক না-না -না- দিন্-দিন্ -দিন্-

ত্বাকেটে গাকেটে ত্বাকেটে তেরেকেটেত্বাক তেরেকেট্রেত্বাক তেরেকেটেত্বাক

ধা-গে -ধা- গে-ধা -গে- ধা-ক্রান্ - -কেটেত্বাক

তেরেকেটেধা- -ক্রান্- কেটেত্বাকতেরে কেটেধা- - - ক্রান্- - -কেটে

\+
ত্বাকতেরেকেটে ধা

ঝাঁপতাল—দ্বিপদী

ত্বক্ত্বক্ দিগ্দিগ্ তিধা,তেরেকেটে ধা, তিধা তেরেকেটে, ধা

\+
ঘেঘে-তা ঘেঘে-তা ঘেঘেনানা ধাধা ক্রান্ক্রান্ ধা

ঝাঁপতাল—ত্রিপদী

ত্বকত্ব কত্বক নানানা ঘেঘেঘে ধা-ধা

\+
-ধা- তেরেকেটেতাক্ - -তেরেকেটে তাক- - তেরে কেটেতাক- - ধা

কত্থক নৃত্যের বোল

তৎকার

১। তা থেই থেই তৎ | আ থেই থেই তৎ
তা থেই থেই তৎ | আ থেই থেই তৎ

তোড়া

২। তা থেই তাতা থেই | তা থেই তাতা থেই | থেই তাথেই-তা থেই-
থেই থেই তা তা | থেই থেইন্তা থেই | থেই থেই তা তা |
থেই থেই তা থেই | থেই থেই তা তা |

উক্ত বোল পরে দ্বিগুণ লয়ে বাদিত হইবে।

তোড়া

৩। জিগ জিগ তরা -ঙ্গ | তা থো তরা -ঙ্গ |
তক থুন্ থুন্ তক | থুন থুন তিগ ধা- দিগ্‌দিগ
থেই — জিগ জিগ | তরা -ঙ্গ তা থো |
তরা -ঙ্গ তক থুন্ | থুন্ তক থুন থুন্ |
তিগ্‌ধা-দিগ্‌দিগ্ থেই— | জিগ জিগ তরা -ঙ্গঁ |
তা থো তরা -ঙ্গঁ | তক থুন থুন তক |
থুন থুন্ তিগধা- দিগ্‌দিগ্ | থেই তক থুন্ থুন্ |
তিগ্‌ধা- দিগ্‌দিগ্ থেই তক | থুন থুন তিগধা- দিগ্
দিগ্ | উক্ত বোল পরে দ্বিগুণ গতিতে বাজিবে।

৪। জগজগ থো - - ম জগজগ থো - - ম | জগথো-
মজগ থো - - ম জগজগ |
জগজগ জগজগ জগজগ থো - - ম | ঝো-কুকু ঝো-
কুকু ঝননন নননন |
ঝো-কুকু ধিলা - ঙ্গঁ ঝে-কুকু ধিলা-ঙ্গ | ঝে-কুকু ঝে-
কুকু ধিলা-ঙ্গঁ ধিলাঙ্গঁ |
ঝে-কুকু ধিলা-ঙ্গ ধা - - - ঝে-কুকু | ঝিলা-ঙ্গঁ ধা - - -
ঝে-কুকু ধিলা-ঙ্গঁ |

কৃষ্ণ নৃত্য

৫। ছুমছুম ছন নন না-চত | গিরধর গোপী সঙ্গঁ লেলে |
হা-থক নকপিচ কারী ভা-গত | ইত উত রাধা প্যারী |
ধরনাহি পাওয়ত কৃষ্ণ-মু রারী | তা-থেই থেইতৎ আথেই
থেইতৎ।
ত্রাম্‌তৎ থেইতৎ থেই ত্রাম্‌তৎ | থেইতৎ থেই ত্রাম্‌তৎ থেইতৎ |
+
ধা

৬। তৎ তৎ ত্রাম্ তক | না চত নট বর |
তাথেই -তা থেই থেই | বা জত নূ পুর |
ছন নন ছুম ছুম্ | মিল তচ লত দ্রগ |
চপ লচ লাও য়ত | তা থেই তাতা থেই |
তাথেই -তা থেই থেই | থুন্ থুন্ তৎ তৎ |
ত্রাম্তৎ থেইতৎ থেই ত্রাম্তৎ | থেইতৎ
+
থেই ত্রাম্তৎ থেইতৎ | ধা

উক্ত কত্থকের বোল সমূহ পণ্ডিত বিন্দু মহারাজের নিকট হইতে প্রাপ্ত

পঞ্চম সওয়ারীর বোল

পঞ্চম সওয়ারী তালের নিম্নলিখিত বোল দুটি শ্রদ্ধেয় শ্রীযুক্ত হীরেন্দ্রকুমার গাঙ্গুলী মহাশয়ের নিকট শিক্ষা প্রাপ্ত। পাঁচটি তালীযুক্ত এই দুরূহ তালটির শেষ তিনটি তালীর ছন্দোবৈশিষ্ট্য উহার গৎ এবং রেলায় বজায় থাকা প্রয়োজন। নিম্নোক্ত রেলার বোলে তাহা পরিস্ফুট হইয়াছে।

রেলা

+
ধেনে,ঘেনে,ধাগে,তেরেকেটে তেনে,কেনে,তাগে,তেরেকেটে
থুনাকতাধেনেঘেনে ধাগে,তেরেকেটে,তেনে,কেনে |
২
তাগে,তেরেকেটে,থুনা,কতা ধেনে,ঘেনে,ধাগে,তেরেকেটে
ধেনে,ধাগে,তেরেকেটে,ধেনে ধাগে,তেরেকেটে,থুনা,কতা |
৩
ধাতা ধেনে,ঘেনে,ধাগে,তেরেকেটে
ধেনে,ধাগে,তেরেকেটে,ধেনে ধাগে,তেরেকেটে,থুনা,কতা |
৪ ৫
ধাতা ধেনে,ধাগে | তেরেকেটে,ধেনে ধাগে,তেরেকেটে,থুনা,কতা

+
তেনে,কেনে,তাকে,তেরেকেটে তেনে,কেনে,তাকে,তেরে,কেটে
থুনাকতাতেরেকেনে তাকে,তেরেকেটে,তেনে,কেনে
২
তাকে,তেরেকেটে,থুনা,কতা ধেনে,ঘেনে,ধাগে,তেরেকেটে

ধেনে,ধাগে,তেরেকেটে,ধেনে ধাগে,তেরেকেটে,থুনাকতা।

৩

তাতা ধেনে,ঘেনে,ধাগে,তেরেকেটে

ধেনে,ধাগে,তেরেকেটে,ধেনে ধাগে,তেরেকেটে,থুনা,কতা।

৪ ৫

তাতা ধেনে, ধাগে। তেরেকেটে, ধেনে

\+

ধাগে,তেরেকেটে,থুনা,কতা। ধা

টুকড়া

\+ ২

ধেন্বেট্টেধ্বে তেট্টেধাগে তেট্টেক্রেধা তেট্টেধাগে। দিগেনেধা গদিঘেনে

৩

নাগেতেট্টে কতাকতা। কৎ-তেরেকেটেতাগ

তাগেতেট্টে ঘেন্-তেরেকেটেতাগ তাগেতেট্টে

৪ ৫

ঘেঘেনানা ঘেঘে। তেট্টে ঘেন্-তেরেকেটেতাগ

\+

তাগেতেট্টে ধা -তা গদিঘেনে

২ ৩

ধা তাকেটেতা -ড়ে -তা। -ড়েতা -ধা -ড়েধা ধ্বেটেন্বেটে।

৪ ৫ +

ধাগেতেট্টে ক্রেধা। তেট্টে ধাগেতেট্টে। ধা তা তেটেকতা গদিঘেনে।

৩ ৪ ৫

ধা ধাকৎ -ঘেন -ধা। ধা - ধা - । তেট্টেকতা গদি। ঘেনে ধাধা

\+ ২

ধাকৎ -ঘেন্ -ধা ধা। - ধা - তেট্টেকতা।

৩ ৪ ৫ +

গদিঘেনে ধাধা ধাকৎ -ঘেন্। -ধা ধা। - -। ধা

অপ্রচলিত তাল

(তবলার বোল দ্বারা লিখিত হইল)

পটতাল

মাত্রা ঃ—৮ তালী ঃ—২

ছন্দ ঃ—৪ | ৪

\+ ২

ধা ত্রেকে ধিন্ না | ধা ধিন্ ধাগে ত্রেকে

মহেশ তাল

মাত্রা ঃ—৯ তালী ঃ—৩

ছন্দ ঃ—৪ | ২ | ৩

\+ ২ ৩

ধিন্ ধিন্ ধা ত্রেকে | ধিন্ না | ধিন্ ধাগে ত্রেকে

করাল মঞ্চ তাল

মাত্রা ঃ—৫ তালী ঃ—৩

ছন্দ ঃ—১ | ২ | ২

\+ ২ ৩

ধা | ধিন্ — | ধা ত্রেকে

লঘুশেখর

মাত্রা ঃ—৭ তালী ঃ—২

ছন্দ ঃ—৪ | ৩

\+ ২

ধিন্ ধিন্ ধাঁ ত্রেকে | ধিন্ ধিন্ না

শঙ্খতাল

মাত্রা ঃ—১০ তালী ঃ—৪

ছন্দ ঃ—১ | ১ | ৪ | ১ | ৩

\+ ২ ৩ ৪ ৫

িন্ | ধিন্ | ধা ত্রেকে থুন না | ধিন্ | ধাগে ত্রেকে থুনা

ঝম্পা

মাত্রা ঃ—১০ তালী ঃ—৩

ছন্দ ঃ—৩ | ৩ | ৪

\+ ২ ৩

িন্ ধিন্ না | ধিন ধিন্ না | ধিন্ ধিন্ ধাগে ত্রেকে

শিবতাল

মাত্রা ঃ—১৩ তালী ঃ—৯

ছন্দ ঃ—২ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ২

২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

— | ধিন্ — | ধা | ধা | ধিন্— | ধা | ধা | ধিন্ | ধাগে ত্রেকে

শিখরতাল

মাত্রা ঃ—১৭ তালী ঃ—৪

ছন্দ ঃ—৫ | ৬ | ২ | ৪

\+ ২ ৩

ধিন্ ধা ত্রেকে তিন্ না | ধিন্ ধিন্ ধাঁ ত্রেকে তি না | ক্‌তা |

৪

ধিন্ ধিন্ ধাগে ত্রেকে

শঙ্করতাল

মাত্রা ঃ—১১ তালী ঃ—৯

ছন্দ ঃ—১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ১

\+ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

| ধিন্ — | ধা | ধা | ধিন্ — | ধা | ঘেনে | ধাগে—তেটে

শক্তিতাল

মাত্রা ঃ—১০ তালী ঃ—৭

ছন্দ ঃ—২ | ১ | ২ | ১ | ১ | ১ | ২

\+ ২ ৩ ৪ ৫ ৬ ৭

ধা — | ধিন্ | ধা — | ধিন্ | ধাগে | ত্রেকে | থুন —

ইন্দ্রতাল

মাত্রা ঃ—১৫ তালী ঃ—৫

ছন্দ ঃ—৪ | ৪ | ২ | ২ | ৩

\+ ২ ৩ ৪

ধিন্ ধিন্ ধা ত্রেকে | ধিন্ ধিন্ ধা ত্রেকে | ধিন্ ধা | ত্রেকে তিন্

৫

ধিন্ ধাগে ত্রেকে

ব্রহ্মযোগ

মাত্রা ঃ—১৫ তালী ঃ—১০

ছন্দ ঃ—২ | ১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ৩

\+ ২ ৩ ৪ ৫ ৬ ৭

ধিন্ না | ধিন্ | ধাগে ত্রেকে | ধিন্ | ধিন্ | ধাগে ত্রেকে | ধিন্

৮ ৯ ১০

না | ধিন্ | ধাগে ত্রেকে থুনা

বিষ্ণুতাল

মাত্রা ঃ—১৭ তালী ঃ—৬

ছন্দ ঃ—৪ | ২ | ৪ | ২ | ২ | ৩

\+ ২ ৩ ৪ ৫

ধা — ধিন্ না | ধা ত্রেকে | ধা ধা ধিন্ না | ধা ত্রেকে | ধিন্ —

৬

ধিন ধাগে ত্রেকে

সুদর্শনতাল

মাত্রা ঃ—২০ তালী ঃ—৭

ছন্দ ঃ—২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৮

+ ২ ৩ ৪ ৫ ৬
ধা — | ধা গে | ধা ত্রেকে | ধিন্ না | ধা ত্রেকে | ধিন্ না

৭
ধিন — ধিন্ — ধিন্ ধিন্ ধা ত্রেকে |

অর্জ্জুনতাল

মাত্রা ঃ—২০ তালী ঃ—৭

ছন্দ ঃ—৪ | ২ | ৪ | ২ | ২ | ৪ ¦ ২

+ ২ ৩ ৪
ধা — তেরে কেটে | ধি না | ধি — ধি না | ধাগে ত্রেকে |

৫ ৬ ৭
ধিন্ — | ধা —থু না | তেরে কেটে

গনেশতাল

মাত্রা ঃ—২১ তালী ঃ—১০

ছন্দ ঃ—৪ | ১ | ৪ | ১ | ১ | ৪ | ১ | ১ | ১ | ৩

+ ২ ৩ ৪ ৫
ধা —কে টে | ধা | ধিন্ — ধিন্ ধিন্ | ধা | ধিন্ |

৬ ৭ ৮ ৯ ১০
ধা ত্রেকে থু না | ধিন্ | ধা | কৎ | ধাগে তেরেকেটে থুনা

রুদ্রতাল

মাত্রা ঃ—১৬ তালী ঃ—১১

ছন্দ ঃ—২ | ২ | ১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ২ | ১

+ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮
ধা — | ধিন্ না | ত্রেকে | ধিন্ না | কৎ | ধা | ধিন্ না | ত্রেকে |

৯ ১০ ১১
ধাঁ | ধিন না | ত্রেকে

জগঝম্পা

মাত্রা :—১৫ তালী :—৪

ছন্দ :—৮ | ২ | ২ | ৩

\+ ২ ৩ ৪

ধা — ধিন না থুন না ক ত্তা | ধিন্ ধিন্ | তেরে কেটে । ধিন ত্রেকে ধিনা

বীরপঞ্চ

মাত্রা :—১৬ তালী :—৬

ছন্দ :—৪ | ২ | ২ | ৬ | ২ | ২

\+ ২ ৩ ৪ ৫

ধা ত্রেকে ধি না | ধি না | ধা ত্রেকে | ধি — গ — ধি না । ধিন্ ধিন্ |

৬

ধাগে ত্রেকে

লক্ষ্মীতাল

মাত্রা : —১৮ তালী :—১৫

ছন্দ :—১ | ১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২

\+ ২ ৩ ৪ ৫ ৬ ৭

ধিন্ | ধা | তেরেকেটে তিন্ | ধিন | তেরেকেটে | ধাধা তিন্ | ধাধা |

৮ ৯ ১০ ১১ ১২ ১৩ ১৪

তেরেকেটে | ধিন্ । ধা | ধিন্ | ধাগে | তেরেকেটে | ধিন্ ।

১৫

ধাগে তেরেকেটে

ব্রহ্মতাল

মাত্রা :—১৪ তালী :—১০

ছন্দ :—২ | ১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ২

\+ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

ধা — | ধা | ধিন্‌ — | ধা | ধা | ধিন্‌ — | ধা | ঘেঘে—নাগ |

১০

থুন —

গজঝম্পা

মাত্রা :—১৫ তালী :—৩ ফাঁক—১

ছন্দ :—৪ | ৪ | ৩ | ৪

\+ ২ ০

ধা তেরেকেটে ধিন্‌ না | ত্রেকে ধিন্‌ ধিন্‌ না | তিন তিনা তেরেকেটে |

৩

ধিধি না-তেটে ধিধি না-তেটে

পাখোয়াজ, তবলা ও শ্রীখোল শিল্পীর জীবনী

কয়েকজন প্রসিদ্ধ পাখোয়াজ, তবলা ও শ্রীখোল শিল্পীর সংক্ষিপ্ত পরিচয় সংযোজিত হইল। তাঁদের শিষ্য প্রশিষ্যের নিকট অথবা আমার ব্যক্তিগত পরিচয় সূত্রে এগুলি সংগৃহীত হইয়াছে। যদিও কোনো শিল্পীর বাদন পদ্ধতির বৈশিষ্ট্যের আলোচনা ব্যতীত শুধু মাত্র তাঁর জন্ম তারিখ বা পিতৃপরিচিতিতেই তাঁর যথার্থ পরিচয় সম্পূর্ণ হয় না তথাপি স্থানাভাবে তা সম্ভব হইল না। ঐ একই কারণে অনেক খ্যাতিমান শিল্পীকেও বর্তমান তালিকা হইতে বাধ্য হইয়া বাদ দিতে হইয়াছে; একমাত্র জীবনীগ্রন্থের মাধ্যমেই সে-কার্য সুসম্পন্ন হইতে পারে।

পাখোয়াজী কদৌ সিং

কদৌ সিংজীর প্রকৃত উপাধি হইল "তেওয়ারী"। গোয়ালিয়রের মহারাজা তাঁহাকে "পাখোয়াজ কেশরী" উপাধিতে ভূষিত করেন এবং কেশরী অর্থে সিংহ এই উপাধিতেই পরিচিত হন। তাঁহার পূর্ব নিবাস ছিল গোয়ালিয়রে। পরবর্তীকালে তিনি দতিয়ায় আসিয়া বসবাস করেন। ইনি একজন বিখ্যাত পাখোয়াজী ছিলেন। পূর্বকালের পাখোয়াজ বাদকদের মধ্যে তাঁহার নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ধারাবাহিকভাবে ইঁহার বংশ এবং শিষ্য পরম্পরার কিছু পরিচয় পাওয়া যায়।

কদৌ সিংজীর বাদন পদ্ধতি "সিংহ" ঘরানা নামে পরিচিত; এই ঘরানার বাদকদের মধ্যে অনেকের নামই বিশেষভাবে উল্লেখযোগ্য;

যেমন-পর্বত সিংহ, লালাভল্লো, রামদাস, দেবকী নন্দন পাঠক, বিষ্ণুদেব পাঠক ইত্যাদি। সিংজী প্রথমে অযোধ্যার নবাব ওয়াজেদ আলী সাহেবের সভাবাদক ছিলেন, পরে গোয়ালিয়র ও দতিয়ার মহারাজারও সভা-বাদকরূপে নিযুক্ত হইয়াছিলেন।

স্বর্গীয় অযোধ্যাপ্রসাদ

ইনি কদৌ সিং-এর ভ্রাতুষ্পুত্র এবং সিংজীর নিকটই পাখোয়াজ বাদ্য শিক্ষা করিয়াছিলেন। সিংজীর পরে অযোধ্যাপ্রসাদ একজন বিখ্যাত বাদক নামে পরিচিত হন। ইনি যথাক্রমে রামপুরের নবাব, নেপালের মহারাজা, অজয়গড়ের মহারাজা ও হায়দরাবাদের নিজামের সভাবাদকরূপে নিযুক্ত হইয়াছিলেন। পুত্র শম্ভূপ্রসাদকেও তিনি পাখোয়াজ শিক্ষা দিয়াছিলেন। এবং শম্ভূপ্রসাদও এই বিদ্যায় বিশেষ সুনাম অর্জন করেন।

স্বর্গীয় পর্বত সিং

পর্বত সিং ফরাক্কাবাদের নবাব হুশমত জং এর দরবারী পাখোয়াজ-বাদক জরাবর সিংএর পৌত্র ছিলেন। পর্বত সিং একজন কৌশলী বাদক নামে পরিচিত ছিলেন। ইনি ইং ১৯৫০ খৃঃ ইহলোক ত্যাগ করেন। তাঁহার সুযোগ্য পুত্র মাধো সিংজী একজন বিখ্যাত বাদক-রূপে বর্তমানে বহু সঙ্গীত সম্মেলনে পাখোয়াজ বাদ্য পরিবেশন করেন। বোম্বাইয়ের কোন সঙ্গীত সম্মেলনে স্বর্গীয় বিষ্ণুনারায়ন ভাতখণ্ডে তাঁহাকে পাখোয়াজাচার্য উপাধিতে ভূষিত করেন। পর্বত সিং এবং মাধো সিং—কদৌ সিংএর নিকট আত্মীয় বলিয়া পরিচিত।

স্বর্গীয় নানাসাহেব পান্‌সে

তাঁহার নিবাস ছিল মহারাষ্ট্রের সাতারা জেলার "বাই" নামক গ্রামে। তিনি প্রথম পাখোয়াজ শিক্ষা করেন পিতার (নাম অজ্ঞাত) নিকট, পরে পুনার ৺মনীজী কড়িতবার, বেনারসের জ্যোতি সিং ও এলাহাবাদের যোগীরাজ মাধব স্বামীজীর নিকট শিক্ষা করিয়াছিলেন। অক্লান্ত পরিশ্রম ও সাধনার দ্বারা এই বাদ্যে তিনি এত সুনাম অর্জন

করেন যে তাহা নানাসাহেব পান্‌সে ঘরোয়ানা বলিয়া জনসমাজে প্রতিষ্ঠিত হয়। ইনি ইন্দোর দরবারে সভাবাদক রূপে নিযুক্ত হইয়াছিলেন। তাহার শিষ্যদের মধ্যে পুত্র বালাসাহেব সখারামজী, চাঁদবড়বার ও বামনরাও জীর নাম উল্লেখযোগ্য।

স্বর্গীয় রামকুমার দাস

ইনিও কদৌ সিংজীর কাছে শিক্ষাপ্রাপ্ত হন। তাঁহার দেশ হইল অযোধ্যায়। শিক্ষালাভ করিবার জন্য দতিয়ায় ছিলেন। ইনি পরম বৈষ্ণব ছিলেন। তাঁহার শিষ্যদের মধ্যে স্বামী রামদাস, ঠাকুর দাস, রামমোহিনী শরন ও গোবিন্দ দাসের নাম উল্লেখযোগ্য।

স্বর্গীয় সতীশ চন্দ্র দত্ত (দানিবাবু)

সতীশবাবু সঙ্গীত সমাজে দানিবাবু নামেই বেশি পরিচিত ছিলেন। স্বর্গীয় কৃষ্ণচন্দ্র দত্ত মহাশয়ের পুত্র সতীশ চন্দ্র দত্ত ইং ১৮৭৫ খৃঃ কলিকাতায় জন্মগ্রহণ করেন। ইনি প্রায় ২০ বৎসর বয়সে স্বর্গীয় মুরারী গুপ্তের নিকট পাখোয়াজ বাদ্য শিক্ষা আরম্ভ করেন; এতদ্ব্যতীত তিনি বিশ্বনাথরাও-এর নিকট ধ্রুপদ শিক্ষা করেন। কলিকাতা ও বাঙ্গলার বাহিরে বহু সঙ্গীতানুষ্ঠানে তিনি যোগদান করিয়াছিলেন।

স্বর্গীয় মদন মোহনজী

ইনি কদৌ সিংজীর কাছে পাখোয়াজ বাদ্য শিক্ষা করিয়াছিলেন। এই বিদ্যায় বিশেষ সুনাম অর্জন করিয়া মৃদঙ্গ সম্রাট উপাধিতে ভূষিত হন। সঙ্গত ও লহরা বাদনে তাঁহার সমান দক্ষতা ছিল। উত্তর-প্রদেশ ও বিহারের মধ্যে ইনি বিশেষভাবে পরিচিত ছিলেন।

স্বর্গীয় ভগবান চন্দ্র সেন

রাজসাহী সহরের এক অভিজাত বংশে তিনি জন্মগ্রহণ করেন বাং ১২৮৫ সনের চৈত্র মাসে। পিতার নাম ৺মহিমচন্দ্র সেন। ভগবান চন্দ্র অবিবাহিত ছিলেন। পাখোয়াজ বাদ্যে ইনি বিশেষ খ্যাতি অর্জন করিয়াছিলেন এবং বহু বড় বড় সঙ্গীত-সম্মেলনে ইনি পাখোয়াজ সঙ্গত করিয়াছেন। বাং ১৩৪২ সনে ৬ই আশ্বিন তিনি ইহলোক ত্যাগ করেন।

স্বর্গীয় স্থিতিরাম পাঁজা

স্থিতিরামবাবু বিষ্ণুপুরের সন্নিকটে রাজগ্রামের জমিদার ৺বেচারাম পাঁজা মহাশয়ের একমাত্র পুত্র ছিলেন। রাজগ্রামের নিকট গেলে-গ্রামের বিখ্যাত পাঁখোয়াজ বাদক ৺ভৈরব চক্রবর্তী মহাশয়ের নিকট পাখোয়াজ বাদ্য শিক্ষা করিয়াছিলেন। বাং ১৩৩৫ সনে ইনি ইহলোক ত্যাগ করেন।

শ্রীহরিপদ কর্মকার

ইনি পাখোয়াজ শিক্ষা করেন বিষ্ণুপুরের অন্যতম খ্যাতিমান পাখোয়াজ শিল্পী ৺ঈশ্বর সরকারের নিকট। এঁর পাখোয়াজ বাদন অত্যন্ত মধুর এবং সঙ্গতেও এঁর অসামান্য পারদর্শিতা লক্ষিত হয়।

শ্রীপ্রতাপ চন্দ্র মিত্র

২৪ পরগণা জিলার অন্তর্গত জয়নগর মজিলপুরের একটি সম্ভ্রান্ত মিত্র বংশে জন্মগ্রহণ করেন। ভারত বিখ্যাত পাখোয়াজ শিল্পী ৺দুর্লভ চন্দ্র ভট্টাচার্য মহাশয়ের নিকট ইনি পাখোয়াজ শিক্ষা করেন। অধুনা প্রবীণতম পাখোয়াজ শিল্পীর মধ্যে ইনি অন্যতম। পাখোয়াজ বাজনার মাধুর্য ও গাম্ভীর্য তাঁর বাদনে বিশেষ ভাবে পরিলক্ষিত হয়। বেতার কেন্দ্রের একজন নিয়মিত শিল্পী এবং বিভিন্ন সঙ্গীত সম্মেলনে ইনি যোগদান করিয়া থাকেন।

শ্রীনিত্যানন্দ গোস্বামী

বিষ্ণুপুরের বিখ্যাত গোস্বামী পরিবারে ইনি জন্মগ্রহণ করেন। ইনি ৺রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়ের নিকট পাখোয়াজ শিক্ষা করেন। ইনি বহু প্রকার ছন্দের বোল আয়ত্ত কবিয়াছেন এবং এঁর বাদনে কুট বোলের প্রাধান্য লক্ষিত হয়। অধুনা তিনি বিষ্ণুপুর সঙ্গীত বিদ্যালয়ের অন্যতম অধ্যাপক এবং কলিকাতা বেতার কেন্দ্রের নিয়মিত শিল্পী। এঁর একমাত্র পুত্র শ্রীশিবপ্রসাদ গোস্বামীও পাখোয়াজ বাদনে খ্যাতিলাভ করিয়াছেন।

স্বর্গীয় রাম সহায়

প্রবাদ আছে বেনারসে তবলার ঘরানা ইনিই প্রথম সৃষ্টি করেন। এঁর পিতার পূর্ব নিবাস ছিল জৌনপুর জেলার অন্তর্গত গোপালপুর গ্রামে, পরে আসিয়া বেনারসে বসবাস করেন এবং এখানেই ইং ১৮৩০ সালে রামসহায়জীর জন্ম হয়। পাঁচ বৎসর বয়স হইতে খুল্লতাত-এর নিকট তবলা শিক্ষা আরম্ভ করেন এবং ৯ বৎসর বয়সে তবলা বাদ্যে সুনাম অর্জন করেন। লক্ষ্ণৌ-এর বিখ্যাত তবলাবাদক ওস্তাদ মোদুখাঁ রাম সহায়জীর খ্যাতিতে আকৃষ্ট হইয়া ইঁহাকে তবলা শিক্ষা দেওয়ার আগ্রহ প্রকাশ করেন। এবং শেষ পর্যন্ত রাম সহাযজীকে লক্ষ্ণৌ-এ লইয়া যান। ১২ বৎসর পর্যন্ত মোদুখাঁর নিকট শিক্ষা করিয়া পরে আবার বেনারসে ফিরিয়া আসেন। রাম সহায়জী "বেনারস বাজ" নামে একটি গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন খুল্লতাত ও পিতার মৃত্যু হইবার পরেই সন্ন্যাসী হইয়া যান এবং ৪৬ বৎসর বয়সে পরলোক গমন করেন। এঁর শিষ্যদের মধ্যে বংশধর ভৈরব সহায়, অনুজ জানকী সহায়; প্রতাপ, ভগৰৎশরন, রঘুনন্দন, যদুনন্দ ও বৈজুর নাম উল্লেখযোগ্য।

স্বর্গীয় ভৈরব প্রসাদ (মহারাজ)

ভৈরব প্রসাদের পিতা স্বর্গীয় শিবপ্রসাদজীর পূর্ব নিবাস ছিল বিহারের অন্তর্গত 'আরা' ও পরে পাটনায় আসিয়া বসবাস করেন। এখানেই ইং১৮৪৪ খৃঃ ভৈরব প্রসাদের জন্ম হয়। এঁর পিতা বেনারসের বিখ্যাত সারেঙ্গী বাদক বিহারীজী মিশ্রের ভগ্নীকে বিবাহ করেন। ভৈরব প্রসাদের যখন ২।৩ বৎসর বয়স তখন তাঁহার পিতা পরলোক গমন করেন। মাতুল বিহারীজীর কোন পুত্র সন্তান না থাকাতে ভৈরব প্রসাদকে ও তাঁহার বিধবা ভগ্নীকে তিনি কাশীতে লইয়া যান। শৈশব হইতেই ভৈরবপ্রসাদের সঙ্গীতে আগ্রহ দেখিয়া মাতুল বিহারীজী তৎকালীন কাশী নরেশরাজ দরবারের সঙ্গীতজ্ঞ পণ্ডিত প্রয়াগজীর নিকট কণ্ঠসঙ্গীত এবং ভগত মহারাজের নিকট তবলা শিক্ষার ব্যবস্থা করেন; কিন্তু কণ্ঠসঙ্গীতের চেয়ে তবলাবাদ্যই অধিক অভ্যাস করিতেন এবং একজন বিখ্যাত তবলাবাদক হিসাবে পরিচিত হন।

ইনি "তেরেকেটে" "ধেরেকেটে" অথবা "ধেরেতেরে কেটেতাক" বোলই বেশী অভ্যাস করিতেন, শিষ্যদেরও করাইতেন। শিষ্যদের মধ্যে মৌলভিরাম মিশ্র (নিকট আত্মীয় ভ্রাতা), মহাবীর ভাট, মহাদেব মিশ্র, আনোখেলাল ও নাগেশ্বর প্রসাদের নাম উল্লেখযোগ্য। ইনি ৯৭ বৎসর পর্যন্ত জীবিত থাকিয়া ১৯৪০ খৃঃ পরলোক গমন করেন।

স্বর্গীয় মৌলভিরাম মিশ্র

ইনি জন্মগ্রহণ করেন ইং ১৮৭০ খৃষ্টাব্দে। শৈশব হইতেই পিতা বিহারী লাল মিশ্রের নিকট তবলা শিক্ষা করিয়া তিনি পরবর্তীকালে ভৈরবপ্রসাদের নিকট শিক্ষা করেন। ইনি বিশেষভাবে পরিচিত বেনারসের প্রখ্যাত বাদক হিসাবে। কলিকাতায় ভবানীপুর ও অন্যান্য স্থানে তবলা পরিবেশন করিয়া স্বর্ণ পদকের অধিকারী হন। শেষ বয়সে ময়মনসিং-এর জমিদার বাটীতে (মুক্তাগাছা) তবলা শিক্ষক ও সভাবাদকরূপে নিযুক্ত হইয়াছিলেন। শিষ্যদের মধ্যে অমৃতলাল মিশ্র, বিপিনচন্দ্র রায়, রামকৃষ্ণ কর্মকার, হরেন্দ্রকিশোর রায়চৌধুরী ও রায় বাহাদুর কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের নাম উল্লেখযোগ্য। ইনি ৭০ বৎসর বয়সে কাশীতে পরলোক গমন করেন।

ওস্তাদ মৌলাবক্স

মৌলাবক্সের জন্ম হয় ইং ১৮৭৮—৭৯ খৃষ্টাব্দের অন্তর্বর্তীকালে। ইঁহার পিতা রহিমবক্স একজন বিখ্যাত সারেঙ্গী বাদক ছিলেন। পূর্বে ইঁহাদের বংশে ব্যাপকভাবে সঙ্গীতের চর্চা হইত। এই পরিবেশ খাঁ সাহেবকে শিশু অবস্থাতেই সঙ্গীত চর্চা করিবার বিশেষভাবে সাহায্য করিয়াছিল। এবং ৮।৯ বৎসর বয়সেই উদীয়মান তবলা বাদক হিসাবে পরিচিত হন। মুরাদাবাদের বিখ্যাত তবলা বাদক মুহম্মদ হুসেন খাঁর নিকটও তিনি তবলা শিক্ষা করেন। রামপুরের নবাব ইঁহার তবলা শুনিয়া তাঁহার দরবারে সভাবাদকরূপে নিযুক্ত করেন। তাঁহার শিষ্যদের মধ্যে গোপালজী এবং কলিকাতার কালীবাবুর নাম উল্লেখযোগ্য।

স্বর্গীয় মন্মথনাথ গঙ্গোপাধ্যায়

ইং ১৮৭৫ খৃষ্টাব্দে ২২শে জুলাই কলিকাতার টালার বিখ্যাত গাঙ্গুলী বংশে ৺তারাপ্রসাদ গঙ্গোপাধ্যায়ের সুযোগ্য পুত্র মন্মথনাথ গঙ্গোপাধ্যায় জন্মগ্রহণ করেন। দিল্লীর সুপ্রসিদ্ধ তবলাবাদক ওস্তাদ বাবু খাঁ কলিকাতায় থাকাকালীন যে কয়জন খাঁ সাহেবের নিকট তবলা শিক্ষা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে মন্মথবাবুর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। বাবু খাঁর শিষ্য নগেন্দ্রনাথ বসু মহাশয়ের নিকটও তিনি তবলা শিক্ষা করিয়াছিলেন। সঙ্গীতানুরাগী মন্মথবাবু তবলা বাদ্যে বিশেষ সুনাম অর্জন করিয়াছিলেন। ভারতের খ্যাতিমান তবলা বাদক শ্রীহীরেন্দ্রকুমার গঙ্গুলী মন্মথবাবুর সুযোগ্য পুত্র। ইঁহার অসংখ্য শিষ্যের মধ্যে ৺রাজেন্দ্র ধর, তারকনাথ চট্টোপাধ্যায়, জানকীনাথ ভট্টাচার্য, হেমন্ত ভট্টাচার্য, ৺অনন্ত চট্টোপাধ্যায় ও পরেশ ভট্টাচার্যের নাম উল্লেখযোগ্য। মন্মথবাবু কেবলমাত্র সঙ্গীতজ্ঞই ছিলেন তাহা নহে—তিনি কলিকাতা হাইকোর্টের খ্যাতনামা এটর্নি, ডেপুটি রেজিষ্ট্রার এবং মিউনিসিপ্যাল ম্যাজিষ্ট্রেট ছিলেন। উদারচেতা সরল দানবীর মন্মথবাবুর উপার্জনের অনেকাংশই ব্যয় করিতেন জনকল্যাণে। ইং ১৯৩১ খৃঃ ১৫ই ডিসেম্বর ৫৬ বৎসর বয়সে ইনি ইহলোক ত্যাগ করেন।

স্বর্গীয় নান্নু সহায়

ইনি বলদেব সহায়ের পুত্র ও ভৈরো সহায়ের পৌত্র। কাশীতে ইং ১৮৯২ খৃঃ ইনি জন্মগ্রহণ করেন। ইঁহার দ্বিতীয় নাম দুর্গা সহায়। ইনি অন্ধ ছিলেন—এই জন্যই সুরদাস নন্নুজী নামে বেশী পরিচিত ছিলেন। বাল্যকাল হইতেই পিতা বলদেব সহায়ের নিকট শিক্ষা প্রাপ্ত হন এবং অল্পদিনের মধ্যেই তবলা বাদ্যে বিশেষ খ্যাতিলাভ করেন। ইনি ৩৪ বৎসর বয়সে পরলোক গমন করেন।

শ্রীকণ্ঠে মহারাজ

বেনারসের বিখ্যাত তবলাবাদক পণ্ডিত কণ্ঠে মহারাজ ইং ১৮৮০-৮৯ খৃষ্টাব্দের মধ্যে কাশীতে জন্মগ্রহণ করেন। সাত বৎসর বয়সে মাতুল বলদেব

সহায়জীর নিকট প্রথম তবলা শিক্ষা আরম্ভ করেন। শোনা যায় পিতা ৺দিলীপ জী ও জ্যেষ্ঠতাত ৺মাধোপ্রসাদজীও উচ্চাঙ্গের তবলা বাদক ছিলেন। বর্তমানে তাঁহার বাদ্য কৌশল ও খ্যাতি সঙ্গীত সমাজে বিশেষ পরিচিত। নূতন করিয়া তাঁহার পরিচয় দেওয়া অনাবশ্যক। তাঁহার বাদ্য পরিবেশনের বিশেষ লক্ষণীয় এই যে লড়ী ও লগ্‌গী বোলের পাল্টাই অতীব সুন্দর। তাঁহার উল্লেখযোগ্য শিষ্যদের মধ্যে ভ্রাতুষ্পুত্র শ্রীকিষণ মহারাজ, কলিকাতার শ্রীকৃষ্ণ কুমার গঙ্গোপাধ্যায় (নাটুবাবু), শ্রীবিশ্বনাথ বসু সঙ্গীত সমাজে বিশেষ পরিচিত।

ওস্তাদ কাদির বক্স

ইনি পাঞ্জাব ঘরোয়ানার একজন লব্ধ প্রতিষ্ঠ তবলা ও পাখোয়াজ বাদক। পিতা ফকির বক্স একজন পাখোয়াজ বাদক ছিলেন। ইং ১৯০২, খৃষ্টাব্দের মধ্যে লাহোর সহরে তিনি জন্মগ্রহণ করেন। ৮।৯ বৎসর বয়সেই ইনি তবলা ও পাখোয়াজ বাদ্যে বিশেষ সুনাম অর্জন করেন। খ্যাতিমান তবলা শিল্পী আল্লা রাখা খাঁ সাহেব ইঁহারই সুযোগ্য শিষ্য।

স্বর্গীয় হরেন্দ্র কিশোর রায় চৌধুরী

ময়মনসিংহ জেলার রামগোপালপুরের বিখ্যাত জমিদার ৺যোগেন্দ্র কিশোর রায় চৌধুরীর কনিষ্ঠ পুত্র হরেন্দ্র কিশোর বাং ১২৯৪ সনের কার্তিক মাসে জন্মগ্রহণ করেন। শৈশব হইতেই তবলা চর্চা আরম্ভ করিয়া পরবর্তী কালে নিম্নলিখিত ওস্তাদগণের নিকট তবলা শিক্ষা করিয়াছিলেন। প্রসন্ন কুমার বণিক্য (ঢাকা), মৌলভীরাম মিশ্র (কাশী) নান্নু মিশ্র, আবেদ হোসেন খাঁ (লক্ষ্ণৌ, নান্নে খাঁ (দিল্লী), মসিদউল্লা খাঁ (মুরাদাবাদ)। তাঁহাদের বাড়ীতে যে সব ওস্তাদদের যাতায়াত ছিল তাহাদের মধ্যে আজীম খাঁ, মৌলা বক্স, কেরামতউল্লা খাঁ ও ঢাকার গোপাল ও মহাতাব। ইঁহাদের নিকট হইতেও তিনি বোল সংগ্রহ করিয়াছিলেন।

ওস্তাদ আহম্মদ জান্ থিরকুয়া

ইনি ইং ১৮৯১ সালে মুরাদাবাদ সহরে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা হোসেন বক্স খাঁ একজন প্রখ্যাত তবলা ও সারেঙ্গী বাদক ছিলেন।

এবং খুল্লতাত শের খাঁও একজন তবলাবাদক হিসাবে পরিচিত ছিলেন তাঁহার মাতুল বাড়ীর সম্পর্কে তাঁহার "নানা" অর্থাৎ ঠাকুরদাদা কলন্দর বক্স খাঁ এবং মাতুল ফৈয়াজ খাঁ ও বক্স খাঁ বিখ্যাত তবলা বাদক ছিলেন। থিরকুয়া সাহেবের প্রথম শিক্ষা আরম্ভ হয় পিতা ও খুল্লতাতের নিকট, পরে দুই মামার কাছেও শিক্ষা করিয়া ছিলেন। ইনি প্রায় ১২ বৎসর বয়সে ওস্তাদ মুনীর খাঁ সাহেবের কাছে তবলা শিক্ষা আরম্ভ করিয়া ৪০ বৎসর পর্যন্ত তবলা শিক্ষা করেন ইনি ধেরেকৎ অর্থাৎ থেরেকৎ বোলটী এত তৈয়ারী বাজান যে ইহার জন্য তিনি থিরকুয়া নামেই পরিচিত। বর্তমানে তিনি রামপুর দরবারে সভাবাদক হিসাবে অবস্থান করিতেছেন।

থিরকুয়া সাহেবের বংশ পরিচয়।

ওস্তাদ আমীর হোসেন খাঁ

১৮৯৫ খৃঃ অব্দে হায়দরাবাদে তিনি জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা আহম্মদ বক্স খাঁ নিজাম দরবারে সভাবাদক ছিলেন। তিনি ছিলেন প্রসিদ্ধ সারেঙ্গী বাদক এবং তবলাও কিছু কিছু বাজাইতেন। পিতার নিকট শিক্ষা আরম্ভ করিয়া পরে মামা মুনীর খাঁর কাছে শিক্ষা করেন। ইনি বর্তমানে বোম্বাই সহরে বসবাস করেন।

রায় বাহাদুর কেশবচন্দ্র বন্দোপাধ্যায়

তিনি ঢাকা জেলার একজন বিখ্যাত তবলাবাদক। ঢাকা জেলার মুড়াপাড়ার সম্ভ্রান্ত জমিদার স্বর্গীয় পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পুত্র কেশবচন্দ্র ঢাকার বিখ্যাত তবলার বাদক স্বর্গীয় প্রসন্নকুমার বণিক্য মহাশয়ের নিকট তবলা শিক্ষা করিয়াছিলেন। তাহার ছাড়া কাশী

নিবাসী মৌলভীরাম মিশ্র এবং দিল্লীর ওস্তাদ নাথু খাঁর কাছেও তবলা শিক্ষা করিয়াছিলেন। এবং ঢাকার বিখ্যাত সেতার বাদক স্বর্গীয় ভগবান দাস ও তদীয় ভ্রাতা যদুনাথ দাসের কাছে কিছুদিন সেতারও শিক্ষা করিয়াছিলেন। কেশব বাবু ঢাকা কলেজে এম-এ ক্লাস পর্যন্ত অধ্যয়ন করিয়া ঢাকার মিউনিসিপ্যালিটির ভাইস্-চেয়ারম্যান পদে নিযুক্ত হন। বর্তমানে তিনি কলিকাতায় স্থায়ীভাবে বসবাস করিতেছেন।

শ্রীকৃষ্ণকুমার গাঙ্গোপাধ্যায় এম-এ, বি-এল

কৃষ্ণকুমার বাবু বর্তমানে "নাটুবাবু" নামে সঙ্গীত সমাজে পরিচিত। উত্তর কলিকাতার টালার সুবিখ্যাত গাঙ্গুলী পরিবারে তাঁহার জন্ম। ৺চুনীলাল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট প্রথম তবলা শিক্ষা আরম্ভ করিয়া পরবর্তী কালে নিম্নলিখিত গুণীগণের নিকটে শিক্ষা করেন। বেনারসের পণ্ডিত নান্নু সহায়, লছমী প্রসাদ, পুরুষোত্তম দাস মিশ্র, শিবসেবক মিশ্র, রাম কিষণ মিশ্র ও কণ্ঠে মহারাজ, তাহা ছাড়াও লক্ষ্ণৌর ওস্তাদ ছোট্টন খাঁর নিকট হইতেও বহুবোল সংগ্রহ করিয়াছেন।

ওস্তাদ হবিবুদ্দিন খাঁ

ইনি ৮৯৯ সালে মিরাট সহরে জন্মগ্রহণ করেন। পিতা সাম্মু খাঁর কাছেই তিনি তবলা শিক্ষা করিয়াছিলেন এবং পরে দিল্লীর বিখ্যাত তবলা বাদক ওস্তাদ নাথু খাঁর কাছেও কিছুদিন শিক্ষা করিয়াছিলেন। বর্তমানে তিনি একজন বিখ্যাত তবলা বাদক হিসাবে সঙ্গীত সমাজে পরিচিত।

হবিবুদ্দিন খাঁর বংশ পরিচয়ঃ—

কালে খাঁ
|
হস্সু খাঁ
|
সাম্মু খাঁ
|
হবিবুদ্দিন খাঁ

ওস্তাদ মসিত খাঁ

ইং ১৮৯০ খৃষ্টাব্দে খাঁ সাহেব জন্মগ্রহণ করেন। ফরাক্কাবাদ ঘরোয়ানার প্রবর্তক বিলায়েৎ হাজী খাঁর ইনি বংশধর। খাঁ সাহেবের পিতা ওস্তাদ নান্নে খা নবাব ওয়াজিদ আলী সাহের দরবারী তবলা-বাদক ছিলেন। খাঁ সাহেব পিতার কাছেই শিক্ষা করেন। এঁর শিষ্যের মধ্যে আজীম খাঁ, শ্রীরাইচাঁদ বড়াল, শ্রীজ্ঞান প্রকাশ ঘোষ ও পুত্র ওস্তাদ কেরামৎ খাঁ সাহেবের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

শ্রীবিজনচন্দ্র হাজারী

২৩১৩ বঙ্গাব্দে সঙ্গীতের পীঠস্থান বিষ্ণুপুরের (বাঁকুড়া) শাঁখারী বাজারে এই প্রখ্যাত তবলাবিদ জন্মগ্রহণ করেন। শৈশব হইতেই তিনি এই বিদ্যার প্রতি আকৃষ্ট হন এবং একই সঙ্গে তবলা ও পাখোয়াজ শিক্ষা করেন। তবলা শিক্ষা করেন লক্ষ্ণৌর বিখ্যাত তবলাবদক ওস্তাদ মাম্মুখার শিষ্য ৺রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়ের (সঙ্গীত নায়ক গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়ের জেষ্ঠ্যতাত) কাছে এবং পাখোয়াজ শিক্ষা করেন বিষ্ণুপুরের বিখ্যাত পাখোয়াজী ৺ঈশ্বরচন্দ্র সরকারের কাছে। এঁর যখন পরিণত বয়স তখন নাড়াজোলের রাজা বাজনা শুনিয়া এঁকে সভাবাদক পদে নিযুক্ত করেন। পরে ইনি বিষ্ণুপুরের সঙ্গীত বিদ্যালয়ে অধ্যাপক নিযুক্ত হন। ইনি ৺রাধিকাপ্রসাদ গোস্বামী ৺জ্ঞানেন্দ্র প্রসাদ গোস্বামী, সঙ্গীতনায়ক গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, ৺ভোলানাথ নন্দী প্রভৃতি বিশিষ্ট সঙ্গীত শিল্পীদের বিশেষ প্রিয় সঙ্গত কার ছিলেন। এঁর একমাত্র পুত্র শ্রীমান অজিতকুমার হাজারীও এই বিদ্যাচর্চ্চা করেন।

স্বর্গীয় খাদেম হোসেন খাঁ

বিখ্যাত পাখোয়াজ বাদক কদৌ সিং-এর সুযোগ্য শিষ্য ওস্তাদ ছোটে খাঁর পুত্র ছিলেন তিনি; পিতার কাছেই পাখোয়াজ বাদ্য শিক্ষা করেন।

শ্রীগোবিন্দ দেব রাও গুরুজী

তাঁহার নিবাস নিমাড়জেলার অন্তর্গত বুরহানপুরে। ইনি পাখোয়াজ শিক্ষা করিয়াছিলেন নানা সাহেব পান্‌সের শিষ্য সখারামজীর নিকট।

পাখোয়াজ বাদ্যে তাঁহার বিশেষ সুনাম আছে। ইনি 'মৃদঙ্গ' ও তবলা বাদন সুবোধ' ও 'ভারতীয় তাল মঞ্জরী' নামে দুইখানি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

খলিফা ওয়াজিদ হোসেন খাঁ

লক্ষ্ণৌ ঘরাণার প্রতিষ্ঠাতা খলিফা বখ্শু খাঁর বংশোদ্ভূত খলিফা নাদের হোসেন খাঁর পুত্র খলিফা ওয়াজিদ হোসেন খাঁ ১৯০৬ খৃঃ অব্দে লক্ষ্ণৌ সহরের অন্তর্গত শিবপুরী মহল্লায় জন্মগ্রহণ করেন। সাত বৎসর বয়স হইতে তিনি তাঁহার খুল্লতাত ভারত বিখ্যাত তবলাশিল্পী খলিফা আবিদ হোসেন খাঁর নিকট তবলা শিক্ষা আরম্ভ করিয়া ১৯৩৬ সাল পর্যন্ত তাঁহার কাছেই শিক্ষা করেন। কথক নৃত্য বা যন্ত্রের সহিত সঙ্গতে অথবা একক বাদনে তাঁহার অতুলনীয় দক্ষতা। তাঁহার একমাত্র পুত্র তরুণ আফাক্ হোসেন খাঁর ভবিষ্যৎ অতীব প্রতিশ্রুতি-পূর্ণ। তিনি সুমধুর বাজনা ও সুষ্ঠু সঙ্গতের জন্য অল্প বয়সেই প্রভূত খ্যাতি লাভ করিয়াছেন। তাঁহার শিষ্যবর্গের মধ্যে বোম্বাই বেতার-শিল্পী পণ্ডিত সুদর্শন অধিকারী, কলিকাতার শ্রীদেবী প্রসন্ন ঘোষ ও শ্রীঅনিলকুমার ভট্টাচার্যের নাম উল্লেখযোগ্য।

ওস্তাদ কেরামৎ হোসেন খাঁ

ফরাক্কাবাদ ঘরাণার প্রখ্যাত তবলাশিল্পী ওস্তাদ মসীত খাঁর পুত্র অপ্রতিদ্বন্দ্বী সঙ্গতকার ওস্তাদ কেরামত হোসেন খাঁ ১৯১৮ খৃঃ অব্দে উত্তর প্রদেশের অন্তর্গত রামপুরে জন্মগ্রহণ করেন। প্রায় ৬ বৎসর বয়স হইতেই তিনি তাঁহার পিতার নিকট তবলা শিক্ষা আরম্ভ করেন। তাঁহারা উভয়েই বহুদিন ধরিয়া কলিকাতাতেই বসবাস করিতেছেন। তাঁহার বহু শিষ্যবর্গের মধ্যে অনেকেই তবলা বাদনে বিশেষ সুখ্যাতি অর্জন করিয়াছেন। ১৯৬০ সালে তাঁহার অন্যতম শিষ্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শ্রীমান রণেন্দ্র ঘোষ নিখিল ভারত বেতার সঙ্গীত প্রতিযোগিতায় তবলা বাদনে প্রথম স্থান অধিকার করিয়াছেন।

শ্রীহীরেন্দ্র কুমার গঙ্গোপাধ্যায়

ইংরাজী ১৯১১ সালে কলিকাতার উত্তর উপকণ্ঠে টালায় তাঁহার জন্ম। পিতা স্বর্গীয় মন্মথনাথ গঙ্গোপাধ্যায় ছিলেন কলিকাতা হাই-কোর্টের ডেপুটি রেজিষ্ট্রার ও মিউনিসিপ্যাল ম্যাজিষ্ট্রেট। তাঁহার জ্যাষ্ঠতাত স্বর্গীয় সুরথনাথ গঙ্গোপাধ্যায় ছিলেন কলিকাতা হেয়ার স্কুলের প্রধান শিক্ষক। সুরথনাথের দুই পুত্র শ্রীকৃষ্ণ কুমার (নাটু বাবু) তবলা বাদনে ও শ্রীশ্যাম গঙ্গোপাধ্যায় সরোদ বাদনে ভারত বিখ্যাত। কলিকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের প্রথম সেক্রেটারী তাঁহার মাতামহ স্বর্গীয় রজনীকান্ত ভট্টাচার্য ভবানীপুর সঙ্গীত সম্মিলনীর প্রতিষ্ঠা করিয়া উহার সম্পাদক পদে বৃত হন। পিতা মন্মথনাথ ছিলেন সঙ্গীতের একজন মহান পৃষ্ঠপোষক এবং সে সময়কার একজন খ্যাতি-মান তবলা শিল্পী। তিনি বহু শিষ্যকে বিনা পারিশ্রমিকে তবলা শিক্ষা দিয়া তবলাকে এদেশে জনপ্রিয় করিয়া তোলেন।

মাত্র তিন বৎসর বয়সে পিতার নিকট তিনি তবলা শিক্ষার প্রথম পাঠ গ্রহণ করেন। পরে দিল্লীর বিখ্যাত ওস্তাদ বাবু খাঁ এর শিষ্য পিতার গুরুভাই স্বর্গীয় নগেন্দ্র নাথ বসুর নিকট পাঁচ বৎসর কাল তবলা শিক্ষা করিয়া অবশেষে ১৯১৯ সাল হইতে লক্ষ্ণৌর অদ্বিতীয় তবলা শিল্পী খলিফা আবিদ হোসেন খাঁর নিকট দীর্ঘ ১৭ বৎসর যাবত অনন্য সাধারণ নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত তবলা শিক্ষা করিয়া লক্ষ্ণৌ ঘরাণার তবলা বাদন পদ্ধতির বৈশিষ্ট্যগুলির উপর অসামান্য দক্ষতা অর্জন করেন।

১৯৩৩ সালে তিনি প্রথম এলাহাবাদ বিশ্ববিদ্যালয় সঙ্গীত সম্মেলনে শিল্পী হিসাবে এবং পরে পর্যায়ক্রমে আগ্রা, দিল্লী, বোম্বাই, লক্ষ্ণৌ এবং বাংলা দেশের বিভিন্ন জিলা সঙ্গীত সম্মেলনে শিল্পী হিসাবে যোগদান করিয়া প্রভূত প্রশংসা অর্জন করেন। এ পর্যন্ত বহু সংগীত সম্মেলনে তিনি সভাপতিত্ব করিয়াছেন, এবং সংগীত শাস্ত্র সম্বন্ধে তাঁহার জ্ঞানগর্ভ ভাষণ বিশেষ খ্যাতি লাভ করিয়াছে। কলিকাতার বিশিষ্ট সঙ্গীত চক্র "ঝঙ্কার" এর গুণী ও বিমুগ্ধমণ্ডলী তাঁহাকে ১৯৫০

সালে "ডক্টর অব মিউজিক" উপাধিতে ভূষিত করিয়া তাঁহার প্রতিভা ও কৃতিত্বের যোগ্য সমাদর করেন।

১৯৩০ সালে কলিকাতা স্কটিশ চার্চ কলেজ হইতে বি, এ; ১৯৩৩ সালে বি, এল এবং ১৯৩৭ সালে এটর্ণীসিপ পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন। ইনি বহু জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গেও সংশ্লিষ্ট আছেন। ১৯৪৪-৪৮ সাল পর্যন্ত তিনি কলিকাতা কর্পোরেশনের কাউন্সিলার ছিলেন।

পণ্ডিত শান্তা প্রসাদ

সারগুজা রাজ সভায় তবলা বাদক পণ্ডিত বাচা মিশ্রের সুযোগ্য পুত্র পণ্ডিত শান্তা প্রসাদ বারাণসীর কবীর চৌরা মহল্লায় ১৯২৪ খৃঃ অব্দে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতামহ পণ্ডিত জগন্নাথ মিশ্রও নেপাল রাজ দরবারের তবলা বাদক ছিলেন। ইনি প্রথমে পিতার নিকট প্রায় তিন বৎসর শিক্ষালাভ করার পরে আট বৎসর বয়স হইতে আরম্ভ করিয়া দীর্ঘ ষোল বৎসর যাবৎ পণ্ডিত বলদেব সহায়ের শিষ্য পণ্ডিত বিক্কুজী মহারাজের নিকট শিক্ষাগ্রহণ করেন। একাগ্র সাধনার ফলে তাঁহার দ্রুত বাদনের দক্ষতা ও সুমধুর বাজনা তাঁহাকে অশেষ জনপ্রিয় করিয়াছে। ভারতেবর্ষের বহু প্রখ্যাত সঙ্গীত সম্মেলনে তিনি নিয়মিত অংশ গ্রহণ করিয়া থাকেন। তাঁহার বহু শিষ্যবর্গের মধ্যে শ্রীসত্যনারাণ বশিষ্ঠ তবলা সম্পর্কে কয়েকখানি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

ওস্তাদ আল্লা রকৃখা

পূর্ব পাঞ্জাবের গুরুদাসপুর জিলার অন্তর্গত রতনগড় গ্রামে ১৯১৮ খৃঃ অব্দে তাঁহার জন্ম হয়। তাঁহার পিতার নাম জনাব হাসিম আলি। প্রায় ১২ বৎসর বয়স হইতে আরম্ভ করিয়া ২ বৎসর যাবৎ ওস্তাদ ঝণ্ডু খাঁর নিকট শিক্ষা করিয়া পরে পাঞ্জাব ঘরাণার বিখ্যাত তবলা বাদক ওস্তাদ কাদের বক্সের শিষ্য ওস্তাদ লাল মুহম্মদের নিকট দুই বৎসর শিক্ষালাভ করেন এবং সর্বশেষে ১৬ বৎসর বয়স হইতে আরম্ভ করিয়া ওস্তাদ কাদের বক্সের নিকট অদ্যাবধি শিক্ষা করিতেছে। তবলা শিক্ষার সঙ্গে সঙ্গে তিনি প্রায় ৫ বৎসর কাল পাঠানকোটের পণ্ডিত মীর

তাঁদের নিকট ধ্রুপদ ধামার ও বিশেষ করিয়া উহাদের তালসমূহ নিখুত ভাবে আয়ত্ত করেন। প্রখ্যাত সঙ্গীত শিল্পী বড়ে গোলাম আলীর অন্যতম গুরু ওস্তাদ আসাখ্ আলীর নিকট ইনি খেয়াল, ঠুংরী ইত্যাদিও শিক্ষা করেন।

তরুণ বয়সে ইনি পাঠনকোটের একটি নাট্য সংস্থায় ৪।৫ বৎসর ধরিয়া গান, বাজনা ও নাটকে অংশ গ্রহণ করিতেন। ১৯৩৬ হইতে ১৯৪০ সাল পর্যন্ত দিল্লী ও বোম্বাই বেতার কেন্দ্রের বেতনভোগী তবলা বাদক ছিলেন। পরে তিনি বহু সবাক চিত্রের সঙ্গীত নির্দেশক হিসাবে খ্যাতিলাভ করেন। ভারতবর্ষের অভিজাত সঙ্গীত সম্মেলনে তিনি নিয়মিত যোগদান করিয়া থাকেন। লয়কারীর দক্ষতা, সুমিষ্ট বাজনা ও সঙ্গতে পারদর্শিতার জন্য তিনি বিশেষ প্রশংসা লাভ করিয়াছেন।

শ্রীপরেশ চন্দ্র মজুমদার

কীর্তন গানে ও শ্রীখোল বাদনে এঁর সমান দক্ষতা। ময়মনসিংহ জিলার অন্তর্গত গোবিন্দপুরে ইনি ১৯০৫ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করেন। পিতার নাম ৺কৈলাসচন্দ্র মজুমদার। ১৫।১৬ বৎসর বয়সে ইনি রামকমল ভট্টাচার্যের অনুকরণে পালা কীর্তন গান করিতেন। ১৯২৪ সাল হইতে প্রায় ৫ বৎসর কাল শ্রীবিজয় গাঙ্গুলী, শ্রীযামিনী যায় ও শ্রীপ্রাণাধিক গোস্বামীর নিকট শ্রীখোল বাদ্য ও কীর্তন শিক্ষা করেন। ১৯২৯ সালে সংস্কৃত অনার্সে বি. এ পাশ করিয়া কলিকাতায় আসিয়া ৺নবদ্বীপ চন্দ্র ব্রজবাসীর নিকট প্রায় ১৫ বৎসর যাবৎ কীর্তন ও শ্রীখোল বাদনের শিক্ষা গ্রহণ করেন। ৺গোপাল দাস অধিকারীর নিকট ইনি মনোহর সাহী পদ্ধতির কীর্তন শিক্ষা করেন। এতদ্ব্যতীত ইনি আরও বিশিষ্ট কীর্তনীয়া ও শ্রীখোল শিল্পীর নিকট শিক্ষা গ্রহণ করিয়াছেন। ইনি কলিকাতা বেতার কেন্দ্রের একজন নিয়মিত কীর্তন গায়ক এবং রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। শ্রীখোলের বহু কৃতী ছাত্রদের মধ্যে শ্রীব্রজরাখাল দাসের নাম উল্লেখযোগ্য।

স্বর্গীয় বিপিন বিহারী দাস

ইনি বাং ১২৪৫ সনে মুর্শিদাবাদ জেলার চোকি নামক গ্রামে জন্ম

গ্রহণ করেন। ইনি ১০ বৎসর বয়সে বিখ্যাত শ্রীখোল বাদক ব্রজলাল মহাশয়ের নিকট শিক্ষা আরম্ভ করেন। এই বাদ্য চর্চ্চার সঙ্গে সঙ্গে ইনি গান, তবলা ও পাখোয়াজের চর্চ্চা করিতেন। শ্রীখোল বাদ্যে তাঁহার হাত খুব সুমিষ্ট ছিল এবং সঙ্গতেও বিশেষ সুনাম অর্জ্জন করিয়াছিলেন। প্যাঁচ ও লহর বাদ্যের জন্য তাঁহার প্রসিদ্ধি আছে। তৎকালীন বিখ্যাত কীর্ত্তনীয়া বনমালী দাস ও বিষ্ণুচরণ দাস মহাশয়দের প্রধান বাদক ছিলেন। তাঁহার ছাত্রদের মধ্যে মুকুন্দ ঘোষ, রামগোপাল দাস, শঙ্কর দাস, ভোলানাথ ঘোষ ও পুত্র বীরভদ্র দাসের শ্রীখোল বাদ্যে বিশেষ সুনাম আছে। বাং ১৩০২ সনে কার্ত্তিক মাসে তিনি পরলোক গমন করেন।

স্বর্গীয় রামরঞ্জন কুণ্ডু

ইনি বাং ১৩০০ সনে মুর্শিদাবাদ জেলার মুনিয়াড়িহি গ্রামে জন্ম গ্রহণ করেন। তাঁহার বংশ পরম্পরায় শ্রীখোল বাদ্যের চর্চ্চা পরিলক্ষিত হয়। পিতা শশীভূষণ, খুল্লতাত গোবিন্দপ্রসাদ ও মাতামহ বিষ্ণুচরণ দত্ত মহাশয় বিখ্যাত শ্রীখোল বাদক ছিলেন। নয় বৎসর বয়স হইতে শ্রীখোল বাদ্য শিক্ষা আরম্ভ করেন পিতা ও খুল্লতাতের নিকট এবং পরে মাতামহ ও অবধূত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট শিক্ষা গ্রহণ করিয়াছিলেন। ইনি লহর প্যাঁচ ও অনাঘাত বাদ্য শৈলীর জন্য প্রসিদ্ধ ছিলেন। সঙ্গতেও বিশেষ সুনাম অর্জ্জন করিয়াছিলেন। ইনি যাঁহাদের সঙ্গে সঙ্গত করিতেন তাঁহাদের মধ্যে রাধাবল্লভ কুণ্ডু, গঙ্গাধর দাস বাবাজী প্রভৃতির নাম উল্লেখযোগ্য। তাহার শিষ্যদের মধ্যে পুত্র রুদ্রনারায়ণ কুণ্ডু, মুরলীধর বাবাজী, মুরারীমোহন দাস, যমুনা দাস, ব্রজরাখাল দাসের নাম উল্লেখ যোগ্য। বাং ১৩৬৫ সালে অগ্রহায়ণ মাসে ইনি পরলোক গমন করেন।

স্বর্গীয় বৈষ্ণব চরণ দত্ত

ইনি মুর্শিদাবাদ জেলার মুনিয়াডিহি গ্রাম নিবাসী স্বর্গীয় পাঁচকড়ি দত্ত মহাশয়ের পুত্র। বাংলা ১২৬০ সনে ইনি জন্মগ্রহণ করেন। শৈশব হইতেই ইনি শ্রীখোল বাদ্য শিক্ষা করেন; কিন্তু সঠিকভাবে তাঁহার

শিক্ষাগুরুর নাম জানা যায় নাই। হাতুটী, লহর ও প্যাঁচ বাদ্যে তাঁহার বিশেষ দক্ষতা ছিল। তাঁহার হাতও খুব সুমিষ্ট ছিল। তাঁহার মধুর বাদ্য শৈলীর জন্য তৎকালীন বৈষ্ণব সমাজ তাঁহাকে "মধুর মৃদঙ্গ" আখ্যা দিয়াছিলেন। দত্ত মহাশয়ের শিষ্যগণের মধ্যে পুত্র হরিপদ দত্ত, গৌরদাস মহান্ত, শরৎচন্দ্র মণ্ডল, রামরঞ্জন কুণ্ডু, ভগবান দাস, চিন্তামণি দাস, হরিপদ বৈরাগ্য, নরেন্দ্র অধিকারী ও কালীদাস বৈরাগ্যের নাম উল্লেখযোগ্য। বাং ১৩২০ সনে অক্ষয় তৃতীয়া তিথিতে তিনি পরলোকগমন করেন।

লহরার গৎ

রাগ—চন্দ্রকোষ

ত্রিতাল = সা—সা় সা | নি ধা নি সা | নি ধা মা গসা | গা মা ধা নি |

একতাল = সা—নি ধা | নি সা রে | সা নি ধা | মা ধা নি |

ঝুম্‌রা = সা—নি ধা | মা ধা নি সা | নি ধা মা | গা মা ধা নি |

ঝাঁপতাল = সা—নি | ধা নি সা | নি ধা | মা ধা নি |

তবলার কথা প্রথম খণ্ড সম্পর্কে কয়েকজন প্রখ্যাত সঙ্গীত শিল্পী ও পত্র পত্রিকার অভিমত।

এতদিন ছাত্রগণের পক্ষে তবলার উৎপত্তি ও ক্রিয়াঙ্গ শিক্ষার কোনও গ্রন্থ প্রকাশিত হয় নাই। প্রাচীন দুই একজন প্রখ্যাতনামা সংগীতবিদ্বান তবলা সম্বন্ধে যে সকল পুস্তক রচনা করিয়াছেন, সেইগুলি গুণীগণের আদরণীয় সন্দেহ নাই কিন্তু ছাত্রগণের পক্ষে বিশেষ উপযোগী ছিল না। শ্রীযুক্ত নন্দী তাঁহার এই নতুন পুস্তকের দ্বারা সংগীতের ছাত্রগণের একটি বিশেষ অভাব অপসারিত করিলেন।

ধীরেন্দ্র কিশোর রায়চৌধুরী
(অধ্যাপক রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়)
কলিকাতা

বন্ধুবর শ্রীসুবোধ নন্দী তবলা বাদ্যে বিশেষ পারদর্শী তাছাড়া পাখোয়াজ ও শ্রীখোল বাদ্যও ভালরূপ জানেন। তবলাবাদকদের মধ্যে ইঁহার মত শাস্ত্রজ্ঞান ও ঔপপত্তিক জ্ঞান অল্পলোকেরই আছে। ইনি "তবলার কথা" প্রথম খণ্ডে যাহা লিখিয়াছেন তাহা এবিষয়ে অনুসন্ধিৎসুর ও জ্ঞানার্জনাভিলাষী সকলের নিকট বিশেষ সমাদর লাভ করিবে, সকলেই ইহা দ্বারা উপকৃত হইবেন।

পরেশ চন্দ্র মজুমদার।
(অধ্যাপক রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়)
কলিকাতা

শ্রীসুবোধ নন্দী প্রণীত "তবলার কথা" পুস্তকটি পড়িয়া বিশেষ প্রীতি লাভ করিলাম। তবলার উৎপত্তি, ক্রমবিকাশ এবং ভারতের লব্ধ প্রতিষ্ঠ তবলা বাদকগণের জীবনী বিশদভাবে বর্ণিত আছে। পুস্তকটি তবলা শিক্ষার্থীগণের বিশেষ সহায়ক হইবে। পুস্তকটির বহুল প্রচার কামনা করি।

শ্রীপ্রতাপনারায়ণ মিত্র, কলিকাতা

আপনার "তবলার কথা" (১ম খণ্ড) গ্রন্থখানি পড়লাম, খুব ভাল হয়েছে। শিক্ষার্থীরা গ্রন্থখানির সাহায্যে বিশেষ উপকৃত হবে।

শ্রীকানাই দত্ত, কলিকাতা

সুবোধ নন্দী মহাশয়ের প্রণীত তবলার কথাতে (প্রথম খণ্ড) কিছু নূতন আলোকের সন্ধান রহিয়াছে। এই গ্রন্থ রচনার ব্যাপারে তাঁহার উদ্যম সত্যই প্রশংসার দাবী রাখে। আমাদের দেশে তবলার বই বলিতে যাহা বুঝায় তাহার একান্ত অভাব, সুবোধবাবু কিছু পূরণ করিলেন। ......আমি ঐকান্তিকভাবে আশা করি যে তবলার কথা সঙ্গীতানুরাগীদের কাছে বিশেষভাবে আদৃত হইবে।

শ্রীতারাপদ চক্রবর্তী

তবলার কথা (প্রথম খণ্ড)—শ্রীসুবোধ নন্দী।

গ্রন্থকার তবলা এবং মৃদঙ্গ সম্বন্ধে অভিজ্ঞ ব্যক্তি। বইটির মধ্যে কোথাও কোন আঞ্চলিক নীতি সম্বন্ধে গোঁড়ামি নেই। জ্ঞাতব্য তথ্যগুলি বিজ্ঞান সম্মতভাবে আলোচনা করা হয়েছে। গ্রন্থটি আয়তনে ক্ষুদ্র হলেও জ্ঞাতব্য বিবরণে সমৃদ্ধ এবং শিক্ষার্থীরা এই গ্রন্থে বিশেষ উপকৃত হবেন।

তবলার কথা (প্রথম খণ্ড)— সুবোধ নন্দী

বিশিষ্ট তবলাশিল্পী ও সঙ্গীত আকাদেমীর অধ্যাপক শ্রীসুবোধ নন্দী এই গ্রন্থে তবলার উৎপত্তি থেকে আরম্ভ করে সুর বাঁধার নিয়মাবলী পর্য্যন্ত বহু বিষয়ে অতি প্রাঞ্জল ও সারগর্ভ আলোচনা করেছেন। বস্তুতঃ তবলার স্বল্প পরিসরে এমন তথ্যবহুল আলোচনা অধিক দৃষ্ট হয় না। সঙ্গীতের ছাত্র ছাত্রী ছাড়াও, ভারতীয় উচ্চ সঙ্গীত বিষয়ে উৎসাহী সকল শ্রেণীর পাঠক এই গ্রন্থের দ্বারা উপকৃত হবেন।

তবলার কথা (প্রথম খণ্ড) ঃ বাদ্যবিশারদ শ্রীসুবোধ নন্দী। লেখক স্বয়ং একজন কৃতী তবলাবাদক এবং তবলা শিক্ষাদান কালে শিক্ষার্থী-দের যে সমস্ত অসুবিধা অনুভব করিয়াছেন সেইগুলি পুরণ করিতে চাহিয়াছেন। বর্ত্তমানে সর্বার্থসাধক বিদ্যালয়ে তবলা পাঠ্যসূচীর বিষয়ীভূত হইয়াছে। সেদিক দিয়াও পুস্তকখানি ছাত্রছাত্রীর প্রভূত সহায়তা করিবে। এই ধরণের পুস্তক প্রণয়ন আয়াসসাধ্য। লেখক সেজন্য সংগীত সমাজের ধন্যবাদের পাত্র। পুস্তকের ভাষা সাবলীল ছাপা সুন্দর। আমরা ইহার বহুল প্রচার কামনা করি।